

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮০৭

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - যেসব জিনিসের যাকাত দিতে হয়

### আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم فِي الْعَمَل: «فِي كُلِّ عَشْرَةِ أَزُقِّ زِقُّ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: فِي إِسْنَادِهِ مَقَالٌ وَلَا يَصِحُّ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي هَذَا الْبَابِ كَثَيْر شَيْء

#### বাংলা

১৮০৭-[১৪] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মধুর যাকাত সম্পর্কে বলেছেন, প্রত্যেক দশ মশকে এক মশক মধু যাকাত দেয়া ওয়াজিব। (তিরমিযী; তিনি [ইমাম তিরমিযী] বলেন, এ হাদীসের সানাদের ব্যাপারে কথাবার্তা আছে। রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে উদ্ধৃত এ সম্পর্কিত অধিকাংশ হাদীস সহীহ নয়।)[1]

## ফুটনোট

[1] সহীহ: আতৃ তিরমিয়ী ৬২৯, শারহুস্ সুন্নাহ্ ১৫৮১, সহীহ আল জামি আস্ সগীর ৪২৫২।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: মধুর পরিমাপ দশ পাত্র হলে এক পাত্র যাকাত দিবে।

উক্ত হাদীস প্রমাণ করে যে, মধুতে যাকাত আছে। তবে এ বিষয়ে ইমামদের মধ্যে ইখতিলাফ আছে। ইমাম মালিক, ইমাম শাফি ঈ, ইবনু আবী লায়লা ও ইবনু হাযম (রহঃ)-এর নিকট মধুতে যাকাত নেই। আর এ বিষয়ে হাদীসগুলো দুর্বল। ইমাম আবূ হানীফাহ্, ইমাম আবূ ইউসুফ ও ইমাম মুহাম্মাদ (রহঃ)-এর নিকট মধুতে যাকাত ওয়াজিব হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন